বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ৬ কলাম

# শিক্ষামন্ত্রী সকাশে সরকারী কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ রোববার ১৩ই আগষ্ট শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলামের সংগে এক আনুষ্ঠানিক আলোচনা সভায় মিলিত হন। সভায় সরকারী কলেজ শিক্ষকদের উত্থাপিত দাবীসমূহ ও সেই প্রেক্ষিতে রাষ্ট্রপতির ঘোষণার আলোকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত প্রস্তাব রাষ্ট্রপতি কর্তৃক গত ২২শে জুলাই অনুমোদিত হওয়ার প্রেক্ষিতে তা বাস্তবায়ন সম্পর্কে বৈঠকে আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত বিষয় বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত পদক্ষেপ সম্পর্কে শিক্ষা মন্ত্রী নেতৃবৃন্দকে অবহিত করেন এবং ঐগুলো বাস্তবায়নের ত্বরিত ব্যবস্থা গ্রহণের সুস্পষ্ট আশ্বাস প্রদান করেন।

আলোচনায় বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির পক্ষ থেকে অধ্যাপক এ কে এম আলী রেজা, অধ্যাপক মোয়াজ্জেম হোসাইন খান, অধ্যাপক এ বি এম জনাব আলী, অধ্যাপক আলী আকবর খান, অধ্যাপক এ বি এম আবুল কাশেম ও অধ্যাপক এনায়েত হোসেন এবং বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল এ কে এম শহীদুল্লাহ সহ অধ্যাপক কাজী ফারুক আহমদ, জনাব শহীদুর রহমান, জনাব মহিউদ্দিন আহমদ, অধ্যাপক আসাদুল হক প্রমুখ উপস্থিতছিলেন।